তারিখ 23 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

প্রথম আলো

# ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৩ সেপ্টেম্বর নির্ধারণ করা হয়েছে। প্রথম দিন কলা অনুষদের অধীনে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিনস কমিটির সভায় পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৩ সেপ্টেম্বর কলা অনুষদভুক্ত 'খ' ইউনিট, ২৪ সেপ্টেম্বর চারুকলা অনুষদের 'চ' ইউনিট, ৩০ সেপ্টেম্বর ব্যবসায় শিক্ষা অনুষদের 'গ' ইউনিট, ২১ অক্টোবর বিজ্ঞান অনুষদের 'ক' ইউনিট এবং ২৮ অক্টোবর সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে।

● বিশ্ববিদ্যালয় প্রতিবেদক